63

দৈনিক বাংলা

তারিখ 02.FEB.1994
পৃষ্ঠা ৭ কলাম ৩

# স্কুলে আলমারি 'ডোনেশন': অনুমোদনহীন বই ছাত্রদের পড়তে হচ্ছে

নিজস্ব সংবাদদাতা ঃ গাইবান্ধা, ১ ফেব্রুয়ারী: 'ডোনেশনের' নামে নগদ টাকা অথবা আলমারি এবং ঘড়ি নিয়ে গাইবান্ধার বিভিন্ন বিদ্যালয়ে বোর্ডের অনুমোদনহীন বই ছাত্রদের ঘাড়ে চাপানো হচ্ছে।

এসব বইয়ের মূল্য বোর্ড অনুমোদিত পাঠ্য বইয়ের দ্বিগুণ এবং এগুলোর মনও অত্যন্ত খারাপ। জেলার বিভিন্ন এলাকায় এক শ্রেণীর প্রকাশকের এজেন্টরা এসব বই স্কুলের পাঠ্য তালিকাভুক্ত করার জন্য প্রধান শিক্ষকের কাছে বিভিন্নভাবে তদবির শুরু করেছেন। তারা ৬ষ্ঠ থেকে দশম শ্রেণী পর্যন্ত বিভিন্ন ক্লাসের ১৬/১৭টি পাঠ্য বই ছেলেমেয়েদের কাঁধে চাপিয়েছেন। এসব পাঠ্য বই নিম্নমানের এবং বোর্ডের অনুমোদনের বাইরের। এগুলোর মূল্যও অনেক বেশি। এসব বই স্কুলের তালিকাভুক্ত করতে প্রধান শিক্ষকদের ৩ থেকে ৫ হাজার পর্যন্ত নগদ টাকা অনুদান হিসাবে দেয়া হয়। আবার কোনো কোনো স্কুলে আলমারি এবং ঘড়ির বিনিময়ে এসব বই তালিকাভুক্ত করা হয়েছে।

গ্রীন বুক হাউস প্রকাশিত নবম ও দশম শ্রেণীর বোর্ড অনুমোদনহীন বই আবদুস সামাদের "মেথডস ইংলিশ গ্রামার" বইটির মূল্য যেখানে ৮৫ টাকা সেখানে একই শ্রেণীর জন্য বোর্ড অনুমোদনপ্রাপ্ত একটি গ্রামার বইয়ের দাম মাত্র ৪৫ টাকা থেকে ৪৮ টাকা। একইভাবে বোর্ডের অনুমোদনহীন ৭ম এবং ৮ম শ্রেণীর একটি গ্রামার বইয়ের মূল্য যেখানে ৬৫ টাকা থেকে ৭০ টাকা সেখানে বোর্ড অনুমোদিত গ্রামার বইয়ের দাম মাত্র ২৬ টাকা। বোর্ডের অনুমোদন ছাড়া পাঠ্যবই ছাড়া পাঠ্যবই কিভাবে বিভিন্ন স্কুল গ্রহণ করছে এবং জেলা শিক্ষা অফিসার এসব দেখেও কেন নিশ্চুপ থাকছেন, তা নিয়ে বিভিন্ন মহলে প্রশ্ন দেখা দিয়েছে। কারণ, এসব নিম্নমানের এবং বোর্ড অনুমোদনহীন পাঠ্যবই প্রচলনের ব্যাপারে বোর্ডের কঠোর নিষেধাজ্ঞা রয়েছে।